

Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 07 May, 2025

জাতীয় এক্য প্রতিষ্ঠায় রাজনেতিক দলগুলো কিছু কিছু ছাড় দেবে-এমন প্রত্যাশার কথা জানিয়েছেন জাতীয় একমত্য কমিশনের সহসভাগতি অধ্যাপক আলী রীয়াজ।

বুধবার (৭ মে) জাতীয় সংসদের এলডি হলে নাগরিক একেয়ের সঙ্গে দ্বিতীয় দিনের আলোচনায় সূচনা বক্তৃতা করেন তিনি।

আলী রীয়াজ বলেন, প্রতিটি রাজনেতিক দলের ভিন্ন ভিন্ন অবস্থান থাকবে। কিন্তু কিছু মৌলিক জায়গায় আমাদের একমত্যে আসতে হবে। এসব বিষয়ে রাজনেতিক দলগুলো ছাড় দেবেন-কমিশন এটাই প্রত্যাশা করে।

তিনি বলেন, জাতীয় একমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে কমিশন বিভিন্ন রাজনেতিক দলের সঙ্গে আলোচনা করছে। কিন্তু, শুধু কমিশনের আলোচনায় যথেষ্ট নয়, রাজনেতিক দলগুলোরও তাদের সহযোগী এবং প্রতিপক্ষের সঙ্গে আলোচনার মাধ্যমে একমত হয়ে জাতীয় সনদ তৈরির লক্ষ্যকে এগিয়ে নিয়ে যেতে হবে।

আলোচনায় নাগরিক একেয়ের সাধারণ সম্পাদক শহীদুল্লাহ কায়সারের নেতৃত্বে হয় সদস্যের একটি প্রতিনিধিদল অংশ নেয়। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন: মোফাখ্খারুল ইসলাম নবাব, মঞ্জুর কাদির, শাহনাজ রানু, ফেরদৌসী আক্তার সুমি এবং সাকিব আমোয়ার।

উল্লেখ্য, সংস্কার প্রশ্নে একমত্য তৈরির লক্ষ্যে রাজনেতিক দলের সঙ্গে পাঁচটি সংস্কার কমিশনের গুরুত্বপূর্ণ সুপারিশগুলো নিয়ে প্রথম পর্যায়ের আলোচনা করেছে জাতীয় একমত্য কমিশন।

বিভিন্ন ক্ষেত্রে সংস্কার প্রস্তাব তৈরির জন্য গত বছরের অক্টোবরে ছয়টি সংস্কার কমিশন গঠন করে অন্তর্বর্তী সরকার। এর মধ্যে সংবিধান, নির্বাচনব্যবস্থা, দুর্নীতি দমন, বিচার বিভাগ ও জনপ্রশাসন সংস্কার কমিশনের গুরুত্বপূর্ণ ১৬৬টি সুপারিশ নিয়ে একমত্য তৈরির লক্ষ্যে রাজনেতিক দলগুলোর সঙ্গে আলোচনা করছে একমত্য কমিশন। গত ১৫ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন জাতীয় একমত্য কমিশন।

জাতীয় এক্য প্রতিষ্ঠায় একমত্য কমিশন আলী রীয়াজ।

URL: <https://timestodaybd.com/politics/7758072083>